



স্মারক নং-বিইএম(এলডব্লিউ)/বাউবি/২০২৫/৫৪

তারিখঃ ২৮/০৫/২০২৫খ্রি.

বিজ্ঞপ্তি

ওমান প্রবাসী বাংলাদেশিদের জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিভিন্ন শিক্ষা কার্যক্রম চালু প্রসঙ্গে

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওমান প্রবাসী বাংলাদেশিদের নিজ নিজ শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধি, নিজ উন্নয়ন ও কর্মক্ষেত্রে অবদান রাখার সহায়ক হিসেবে, বাংলাদেশ দূতাবাস মাস্কাটের উদ্যোগে সম্প্রতি ওমান প্রবাসী বাংলাদেশিদের জন্য বহুল প্রতিক্ষিত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিভিন্ন শিক্ষা কার্যক্রম (এসএসসি, এইচএসসি ও বিএ/বিএসএস) চালু করা হয়েছে।

অদ্য ২৮ মে ২০২৫, মান্যবর রাষ্ট্রদূত রিয়ার এডমিরাল খন্দকার মিসবাহ-উল-আজীম, এনবিপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম, ওমান প্রবাসী বাংলাদেশিদের জন্য বিষয়োক্ত শিক্ষা কার্যক্রমের শুভ উদ্বোধন করেন।

সকলের অবগতির জন্য এ শিক্ষা কার্যক্রমের উল্লেখযোগ্য বিষয়সমূহ তুলে ধরা হলো:

- ০১। ওমান প্রবাসী সকল বাংলাদেশিগণ এখন হতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি, এইচএসসি ও বিএ/বিএসএস প্রোগ্রামসমূহে প্রয়োজনীয় যোগ্যতা পূরণ সাপেক্ষে ভর্তি হতে পারবেন।
- ০২। এ-প্রোগ্রাম সমূহ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বহিঃবাংলাদেশ (নিশ-২) প্রোগ্রামের আলোকে পরিচালিত হবে।
- ০৩। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি, দূতাবাসের ওয়েবসাইট এবং ফেসবুক পেইজে যথাসময়ে প্রোগ্রাম সমূহে ভর্তির বিজ্ঞপ্তি ও ভর্তির জন্য যোগ্যতা/প্রয়োজনীয়তা প্রকাশ করা হবে।
- ০৪। প্রবাসী বাংলাদেশিদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধি, নিজ উন্নয়ন, আত্মবিশ্বাসী ও সমৃদ্ধ জনসম্পদে রূপান্তরের লক্ষ্যে সুযোগটি গ্রহণে সকলকে বিশেষভাবে উদ্বুদ্ধ করা হচ্ছে।
- ০৫। এ বিষয়ে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।



(মোঃ রাফিউল ইসলাম, পিএসসি)
কাউন্সেলর (শ্রম)